বাংলা বিভাগ অ্যালামনাই রাজশাহী বিশ্ববিদ্যালয়ের স্থায়ী আমানত সংরক্ষণ ও পরিচালনের জন্য নিম্নবর্ণিত বিষয়সমূহ অবশ্যই আপনার ব্যাংকে প্রতিপালন করতে হবে:-

১. সদস্য চাঁদা থেকে সংগৃহীত এই স্থায়ী আমানতের বতমান পরিমাণ ২১,০০,০০০/- টাকা। ভবিষ্যতে সদস্য চাঁদা থেকে যে টাকা অর্জিত হবে সেটাও এ আমানতে প্রয়োজনে যুক্ত করা যাবে। এই স্থায়ী আমনত সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের স্বাক্ষরে পরিচালিত হবে। তবে স্থায়ী আমনতের মুনাফা সংরক্ষণের ক্ষেত্রে কোষাধ্যক্ষের অবশ্যই স্বাক্ষর থাকতে হবে এবং সভাপতি ও সাধারণ সম্পাদকের মধ্যে একজন স্বাক্ষর করলেই চলবে। অর্থাৎ কোষাধ্যক্ষ এবং সভাপতি বা সাধারণ সম্পাদকের মধ্যে যেকোনো দুইজনের স্বাক্ষরে সুদ উত্তোলনের কার্যক্রম পরিচালনা করা যাবে।

২. স্থায়ী আমানত গঠনতন্ত্র অনুযায়ী পরিচালিত হবে (গঠনতন্ত্রের কপি সংশোধনীসহ সংযুক্ত)। গঠনতন্ত্র অনুযায়ী এই স্থায়ী আমানত কখনোই ব্যাংক থেকে নগদায়নের মাধ্যমে উত্তোলন করা যাবে না। তবে অন্য কোন ব্যাংকে মুনাফা বেশি পেলে ব্যাংকিং চ্যানেলে সমস্ত টাকা ট্রান্সফার করে নতুন স্থায়ী আমানত করা যাবে।

৩. (ক) যদি কখনো কোন কার্যনির্বাহী পরিষদ এ তহবিল নগদায়ন বা ভাঙানোর প্রয়োজন মনে করেন তাহলে গঠনতন্ত্র অনুযায়ী সাধারণ সভা আয়োজন এবং প্রত্যাশিত সদস্যদের উপস্থিতিতে অ্যালামনাই-এর মোট সদস্য সংখ্যার পঞ্চাশ শতাংশের বেশি সদস্যের সমর্থনে সে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন। তবে এ ধরনের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে পর্যবেক্ষক হিসেবে ব্যাংকের প্রতিনিধিকে সেখানে অবশ্যই উপস্থিত থাকতে হবে এবং গঠনতন্ত্র অনুযায়ী এই সাধারণ সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে বলে তাঁকে প্রত্যয়ন করতে হবে।

(খ) যে কার্যনির্বাহী পরিষদের সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের স্বাক্ষরে এ অর্থ জমা করা হয়েছে ৩(ক) অনুযায়ী তা ভাঙানোর সিদ্ধান্ত কখনও গৃহীত হলে অবশ্যই তাদের তিনজনকে (জীবিত থাকলে) দিয়ে তা প্রতিপাদন করিয়ে নিতে হবে।

| আপেল আবদুল্লাহ<br>সভাপতি<br>বাংলা বিভাগ অ্যালামনাই | প্রফেসর ড. পি, এম, সফিকুল ইসলাম<br>সাধারণ সম্পাদক<br>বাংলা বিভাগ অ্যালামনাই | প্রফেসর ড. খন্দকার ফরহাদ হোসেন<br>কোষাধ্যক্ষ<br>বাংলা বিভাগ অ্যালামনাই |
|---|---|---|

ম্যানেজার
এবি ব্যাংক, রাজশাহী


যোগাযোগ : ০১৭১৮-০০১৮১৭, ০১৯১৪-২৫৪১৭৯, ০১৭১৮-০৫৬৭৬৭,
ই-মেইল : aapelabdullah@gmail.com, anikmahmud146@gmail.com
সকল হালনাগাদ তথ্যের জন্য ভিজিট করুন ওয়েব সাইটঃ www.bangladeptalumniru.org